‘ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২০-৫৮৭

তারিখ: ০৩/০৩/২০২১

**বিষয় : ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপনের লক্ষ্যে সার্বিক বিষয়ে পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সাহান আরা বানু, এনডিসি,<br>মহাপরিচালক (গ্রেড-১),<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| তারিখ ও সময় | : | ০২.০৩.২০২১, বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, (৬ষ্ঠ তলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন ঐতিহাসিক ৭ই মার্চ বাঙালি জাতির ইতিহাসে একটি গৌরবান্বিত দিন এবং এ দিবসটি ‘ক’ শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে ঘোষণার পরিপ্রেক্ষিতে জাতীয়ভাবে যথাযথ মর্যাদায় অবশ্য পালনীয় হিসেবে গণ্য। অত:পর তিনি পরিচালক (প্রশাসন) কে আলোচ্যসূচি উপস্থাপনে অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন) বলেন যে, ৭ই মার্চ উদ্‌যাপনের বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে গত ২৩.০২.২০২১ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত Bangladesh Flag Rules 1972 এর প্রজ্ঞাপন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ঐতিহাসিক ৭ই মার্চ উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণ | কোভিডজনিত পরিস্থিতি বিবেচনায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিতব্য কেন্দ্রীয় অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। এ আয়োজনে স্বাস্থ্য বিধি মেনে অনধিক ৫০০ (পাঁচশত) জন অতিথি সরাসরি অংশগ্রহণসহ অন্যান্য কর্মকর্তাগণের অনলাইনে যুক্ত হওয়ার বিষয়ে সভাকে অবহিত করা হয়। | জাতীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে সরাসরি এবং অনলাইনে অংশগ্রহণের জন্য আমন্ত্রিতদের কর্তৃপক্ষের সংগে যোগাযোগ রেখে অবহিত করতে হবে এবং আমন্ত্রিত কর্মকর্তাগণ আবশ্যিকভাবে অনুষ্ঠানে যথাসময়ে অংশগ্রহণ নিশ্চিত করবেন। | প্রশাসন ইউনিট (আমন্ত্রিত কর্মকর্তাদের অবহিত করবে) |
| ২. | ৭ই মার্চের ভাষণ প্রচার ও ভাষণ বিষয়ক পুস্তিকা প্রকাশ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরে ৬ষ্ঠ তলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্ণারে ৭ই মার্চের ভাষণের ডিসপ্লে বোর্ড স্থাপন এবং কর্ণারটি সজ্জিতকরণের চলমান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। | বঙ্গবন্ধু কর্ণারে ৭ই মার্চের ভাষণের স্থায়ী ডিসপ্লেবোর্ড স্থাপনের জন্য ডিজাইন চুড়ান্তকরণ এবং ০৫.০৩.২১ তারিখের মধ্যে স্থাপন নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট উপকমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং ঢাকাস্থ ৩টি হাসপাতাল ও পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডে ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বঙ্গবন্ধু কর্ণার, অধিদপ্তরের বাহিরে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে এবং মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারের ডিজিটাল ডিসপ্লে বোর্ডের মাধ্যমে ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হাসপাতাল, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয় |
| | | বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত ডিসপ্লে বোর্ডসহ কর্ণারটির আলোকসজ্জা এবং সজ্জিতকরণ বিষয়ে আলোচনা করা হয় | বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত ডিসপ্লে বোর্ডসহ কর্ণারটির আলোকসজ্জা এবং সজ্জিতকরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইইএম) |
| | | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ হতে এভি ভ্যানের মাধ্যমে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ হতে এভি ভ্যানের মাধ্যমে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রচার করতে হবে। | বিভাগীয় পরিচালক, উপপরিচালক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (সকল) |
| | | ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিষয়ে পুস্তিকা প্রকাশ সংক্রান্ত আলোচনা করা হয় | ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিষয়ে পুস্তিকা প্রকাশ করতে হবে। | পরিচালক (আইইএম) |
| ৩. | ৭ই মার্চ উদ্‌যাপনে জাতীয় পতাকা উত্তোলন | Bangladesh Flag Rules 1972 এর সংশোধন বিষয়ে ১৫ ই ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রজ্ঞাপন জারী হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী ঐতিহাসিক ৭ই মার্চের দিনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এ বিষয়ে হাসপাতাল, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়সমূহকে অবহিত করাসহ স্থানীয় পর্যায়ের সকল আয়োজনে অংশগ্রহণের বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১. অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়, মাতৃসদন, ঢাকাস্থ হাসপাতালসমূহ এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পতাকা বিধি অনুযায়ী ৭ই মার্চ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন বিষয়ে সকলকে অবহিত করার জন্য এ সংক্রান্ত প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এ বিষয়ে পত্রজারী করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | আলোচনা সভা আয়োজন | ঐতিহাসিক ৭ই মার্চের প্রেক্ষাপট বিবেচনা করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অনুষ্ঠেয় আলোচনা সভায় একজন বিশিষ্ট ব্যক্তিকে আমন্ত্রণ করার বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সভাকে অবহিত করা হয়। | মন্ত্রণালয়ের সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে মহাপরিচালক, নিপোর্ট কর্তৃক নির্ধারিত প্রধান আলোচককে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>সকাল ১১.৩০-দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৫. | প্রতিযোগিতা আয়োজন | ৭ই মার্চ উপলক্ষ্যে পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকায় প্রশিক্ষণার্থী পরিবার কল্যাণ পরিদর্শিকাদের অংশগ্রহনে উপস্থিত বক্তৃতা আয়োজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ১. পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে "বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের গুরুত্ব" বিষয়ে উপস্থিত বক্তৃতা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৬. | অধিদপ্তরের ৬ষ্ঠ তলা সজ্জিতকরণ | ৭ই মার্চের অনুষ্ঠান যথাযথভাবে আয়োজনের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৬ষ্ঠ তলায় দেয়াল রং করাসহ পরিস্কার পরিচ্ছন্নতার জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ জানানোর বিষয়ে পরিচালক (প্রশাসন) এর প্রস্তাব সকল সদস্য কর্তৃক অনুমোদিত হয়। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন ইউনিটের কমন সার্ভিস শাখা হতে পত্র প্রেরণ করতে হবে। |
| ৭. | কমিটি ও উপ-কমিটি গঠন | ঐতিহাসিক ৭ই মার্চ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে পরিচালক (প্রশাসন) বিভিন্ন কার্যক্রমের জন্য নিম্নরুপ কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সকল কমিটি/উপ-কমিটি প্রযোজ্য ক্ষেত্রে কেন্দ্রীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। | সকল কমিটি ও উপ-কমিটিকে কর্মপরিধি অনুযায়ী নিদিষ্ট দায়িত্ব নির্ধারিত সময়ে সম্পন্ন করবে। | |
| (ক) | **কেন্দ্রীয় মনিটরিং কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**<br>জনাব সাহান আরা বানু, এনডিসি, মহাপরিচালক (গ্রেড-১),<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর — উপদেষ্টা<br><br>**কমিটি:**<br>১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - আহবায়ক<br>২. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট - সদস্য<br>৩. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট - সদস্য | | | |

| | | |
|---|---|---|
| | ৪. পরিচালক (অর্থ), অর্থ ইউনিট- সদস্য<br>৫. পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট- সদস্য<br>৬. পরিচালক (এমসিএইচ), এমসিআরএএইচ ইউনিট- সদস্য<br>৭. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট - সদস্য<br>৮. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট- সদস্য<br>৯. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা- সদস্য<br>১০. পরিচালক, এমএফএসটিসি, মোহম্মদপুর, ঢাকা- সদস্য<br>১১. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর- সদস্য<br>১২. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট - সদস্য সচিব<br><br>**কর্মপরিধিঃ**<br>• **ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটিসমূহের কার্যক্রম মনিটরিং, পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং অবহিতকরণ** | |
| (খ) | **অনুষ্ঠান আয়োজন উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**<br><br>১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - আহবায়ক<br>২. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট - সদস্য<br>৩. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট - সদস্য<br>৪. পরিচালক (অর্থ), অর্থ ইউনিট- সদস্য<br>৫. পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট- সদস্য<br>৬. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট- সদস্য<br>৭. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট- সদস্য<br>৮. পরিচালক (এমসিএইচ), এমসিআরএএইচ ইউনিট- সদস্য<br>৯. উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট - সদস্য সচিব<br><br>**কর্মপরিধিঃ**<br>• ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ডিসপ্লে বোর্ডের ডিজাইন নির্ধারণ<br>• প্রধান আলোচকের সাথে যোগাযোগ এবং আলোচনা অনুষ্ঠান ব্যবস্থাপনা<br>• পুষ্পস্তবক অর্পণ ব্যবস্থাপনা<br>• পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া ও মোনাজাত আয়োজন করা<br>• সকল ডিজাইন মনিটরিং কমিটির অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করতে হবে<br>• উপস্থিত বক্তৃতায় প্রতিযোগিতার জন্য পুরস্কার নির্বাচন | |
| (গ) | **ভেন্যু ব্যবস্থাপনা, অনুষ্ঠানস্থল সজ্জিতকরণ ও পুষ্পস্তবক ডিজাইন এবং সংগ্রহ উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**<br><br>১. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট- আহ্বায়ক<br>২. পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট– সদস্য<br>৩. জনাব মোঃ মনিরুজ্জামান, উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট - সদস্য সচিব | |

কর্মপরিধিঃ

- পুষ্পস্তবক ডিজাইন ও সংগ্রহের ব্যবস্থা করা এবং যথাসময়ে অর্পণের ব্যবস্থা করা
- অনুষ্ঠানস্থল সজ্জিতকরণ
- উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় পুরস্কার প্রদানের জন্য উপহার সংগ্রহ

(ঘ) **পরিস্কার পরিচ্ছন্নতা ও পার্কিং উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মনিরুজ্জামান, উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট- | আহ্বায়ক |
| ২. | উপপরিচালক (পেনশন), প্রশাসন ইউনিট - | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (পার-১), প্রশাসন ইউনিট- | সদস্য সচিব |

কর্মপরিধিঃ

- ভবনের ভেতরে, বাহিরে ও অনুষ্ঠানস্থলে পরিস্কার পরিচ্ছন্ন রাখা
- অতিথিদের গাড়ী পার্কিংয়ের জন্য ভবনের সামনে ব্যবস্থা রাখা
- ভবনের প্রধান ফটকসহ অনুষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট স্থানে হ্যান্ড স্যানিটাইজার ও হাত ধোয়ার ব্যবস্থাকরণ
- স্বেচ্ছাসেবক দল গঠন করা
- কেন্দ্রীয় কমিটির পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী কাজ করা

(ঙ) **আপ্যায়ন উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট- | আহ্বায়ক |
| ২. | পরিচালক (অর্থ), অর্থ ইউনিট- | সদস্য |
| ৩. | লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি) সিসিএসডিপি- | সদস্য |
| ৪. | পরিচালক (আইইএম), আইইএম ইউনিট- | সদস্য |
| ৫. | উপপরিচালক (এমআইএস), এম আইএস | সদস্য |
| ৬. | উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট- | সদস্য সচিব |

কর্মপরিধিঃ

- অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি এবং অংশগ্রহনকারীদের আপ্যায়নের জন্য কেন্দ্রীয় কমিটির সঙ্গে আলোচনাক্রমে মেনু নির্ধারণ এবং আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা
- সুশৃঙ্খলভাবে আপ্যায়নের জন্য কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট/স্বেচ্ছাসেবক নিয়োজিত করতে পারবে

**** মন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শক্রমে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

(চ) **অভ্যর্থনা উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (এমসিএইচ), এমসিএইচ ইউনিট- | আহবায়ক |
| ২. | পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট- | সদস্য |
| ৩. | পরিচালক (উপকরণ ও সরবরাহ), উপকরণ ও সরবরাহ ইউনিট | সদস্য |
| ৪. | উপপরিচালক (বৈদেশিক সংগ্রহ), উপকরণ ও সরবরাহ ইউনিট | সদস্য সচিব |

কর্মপরিধিঃ

- অনুষ্ঠানে আগত অতিথিদের অভ্যর্থনা জানানো এবং অনুষ্ঠানস্থলে পৌছাতে সহায়তা করা

| | | |
|---|---|---|
| (ছ) | **অনুষ্ঠান ভার্চ্যুয়ালি সংযোগ উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**<br>১. **পরিচালক (এমআইএস),** এমআইএস ইউনিট- আহবায়ক<br>২. **পিএম (এমআইএস),** এমআইএস ইউনিট- সদস্য<br>৩. সহকারী মেইনটেন্যান্স ইন্জিনিয়ার- সদস্য সচিব<br><br>**কর্মপরিধিঃ**<br>• ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠানে কর্মকর্তাদের সংযুক্ত হওয়ার ব্যবস্থা গ্রহণ<br>• কেন্দ্রীয় কমিটির পরামর্শক্রমে এ বিষয়ে পত্রজারী করে কর্মকর্তাদের অবহিতকরণ | |
| (জ) | **ভাষণ স্থাপন ও আলোকসজ্জা উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**<br>১. পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট - আহবায়ক<br>২. উপপরিচালক (পি এম), আইইএম ইউনিট- সদস্য<br>৩. সহকারী পরিচালক (সমন্বয়), প্রশাসন ইউনিট - সদস্য সচিব<br><br>**কর্মপরিধি**<br>• ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের স্থায়ী ডিসপ্লে বোর্ড প্রস্তুত ও ০৫.০৩.২১ তারিখের মধ্যে বঙ্গবন্ধু কর্ণারে স্থাপনের ব্যবস্থা করা অনুষ্ঠানস্থল এবং বঙ্গবন্ধু কর্ণার দৃষ্টিনন্দন করে আলোকসজ্জার ব্যবস্থা করা | |
| (ঝ) | **পুস্তিকা,** ব্যানার ও **ফেস্টুন মুদ্রণ** উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):<br>১. পরিচালক (আইইএম), আইইএম ইউনিট - আহবায়ক<br>২. উপপরিচালক (পিএম), আইইএম ইউনিট- সদস্য<br>৩. সহকারী পরিচালক (মিডিয়া প্রোডাকশন), আইইএম ইউনিট সদস্য সচিব<br><br>**কর্মপরিধিঃ**<br>• **০৫.০৩.২০২১ তারিখের মধ্যে পুস্তিকা মুদ্রণ ও বিতরণ সম্পন্নকরণ**<br>• ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যানারের ডিজাইন প্রণয়ন ও অনুমোদন | |
| (ঞ) | **পুস্তিকায় প্রদত্ত ভাষণ যাচাই উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**<br>১. পরিচালক (এমআইএস), এমআইএস ইউনিট- আহবায়ক<br>২. পরিচালক (নিরীক্ষা), নিরীক্ষা ইউনিট- সদস্য<br>৩. পরিচালক মোহম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার- সদস্য<br>৪. ডিপিএম (এইচআরডি), প্রশাসন ইউনিট সদস্য সচিব<br><br>কর্মপরিধিঃ<br>• পুস্তিকা হিসেবে মুদ্রণের জন্য ৭ই মার্চের ভাষণের ইংরাজি এবং বাংলা অনুলিপি যাচাই করা<br>• প্রয়োজনে তথ্য মন্ত্রণালয় কর্তৃক মুদ্রিত ভাষণের সঙ্গে পুস্তিকা হিসেবে মুদ্রণের জন্য সং**গৃহিত** তথ্য যাচাই করা | |

| | | |
|---|---|---|
| | • ০৩.০৩.২০২১ তারিখের মধ্যে পুস্তিকা, ব্যানার ও ফেস্টুন মুদ্রণ উপকমিটির নিকট খসড়া হস্তান্তর করা | |
| (ট) | **উপস্থিত বক্তৃতা আয়োজন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**<br><br>১. অধ্যক্ষ, এফডব্লিওভিটিআই, আজিমপুর, ঢাকা — আহবায়ক<br>২. প্রভাষক (মেডিকেল), এফডব্লিওভিটিআই — সদস্য<br>৩. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), এফডব্লিওভিটিআই — সদস্য সচিব<br><br>**কর্মপরিধি :**<br>• উপস্থিত বক্তৃতা আয়োজন, মূল্যায়ন এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর তালিকা অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি বরাবরে প্রেরণ করতে হবে | |

সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ৩.৩.২১

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০৬.২০- ৫৮৭ — তারিখ: ০৩/০৩/২০২১

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)......................................................, পঃ পঃ অধিদপ্তর।
৩. পরিচালক, পরিবার পরিকল্পনা.......................................................... বিভাগ।
৪. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা ।
৫. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা ।
৬. পরিচালক, এমসিএইচটিআই, লালকুঠি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড ষ্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা ।
৮. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) .......................................জেলা ।
৯. অধ্যক্ষ,এফডব্লিওভিটিআই, আজিমপুর ঢাকা ।
১০. নির্বাহী প্রকৌশলী, এইচইডি, ঢাকা বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১১. উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১২. উপপরিচালক (কমন সার্ভিস), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক (সমন্বয়/কমন সার্ভিস/মনিটরিং/পরিবহন/বাজেট/ভিডিও).............পঃ পঃ অধিদপ্তর
১৪. বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩.০৩.২০২১

(মোঃ মনিরুজ্জামান)
উপপরিচালক (কমন সার্ভিস)
প্রশাসন ইউনিট